



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2022

DSE-P1-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-1A and DSE-1B
The candidates are required to answer any *one* from the *two* courses.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-1A

(প্রবন্ধ)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) 'বাবু'রা "সাগরপার নির্মিত বিশেষ দ্রব্যের প্রহার সহিষ্ণু" 'বিশেষ দ্রব্যটি' কী ছিল ?
- (খ) "মনুষ্যের দুঃখের তিনটি কারণ" — বাহুবল ও বাক্যবল প্রবন্ধ অনুসারে কারণ তিনটি উল্লেখ করো।
- (গ) বিদ্যাপতি ও জয়দেবের কাব্যের তিনটি সাদৃশ্য উল্লেখ করো।
- (ঘ) পল্লী শিল্পের ধ্বংসের তিনটি কারণ উল্লেখ করো।
- (ঙ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্র অনুসারী তিনজন কবির নাম উল্লেখ করো।
- (চ) গ্যোটে কোন্ দেশের কবি ছিলেন ? তাঁকে কে প্রথম 'কবিগুরু' আখ্যা দেন ? গ্যোটের রচিত বিখ্যাত কাব্যটির নাম উল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) পটুয়া শিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) সংস্কৃতির সামাজিক দূরত্ব কী ? বিষয়টি পরিস্ফুট করো।
- (গ) আর্ষ রামায়ণের রাম কৃষ্ণবাসী রামায়ণে কীভাবে পরিবর্তিত হয়েছে ?
- (ঘ) 'বাবু'র দশ অবতারের যে-কোনো ছয় অবতারের নাম উল্লেখ করো।
- (ঙ) 'শিক্ষার মিলন' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন ? তা তোমার ভাষায় ব্যক্ত করো।
- (চ) 'রায়ত' শব্দের অর্থ কী ? রায়তদের ছয়টি সমস্যা উল্লেখ করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) বিবেকানন্দের মতে আদর্শ বাংলা ভাষারীতি কী ? তিনি তাঁর মত কীভাবে প্রতিষ্ঠা দিয়েছেন, তা তোমার ভাষায় বুঝিয়ে দাও।
- (খ) 'গতি' ঐতিহাসিক উপন্যাসের বিশেষ বৈশিষ্ট্য — রাজসিংহ প্রবন্ধে এই 'গতি' কীভাবে পর্যালোচিত হয়েছে, আলোচনা করো।

- (গ) সাহিত্যসৃষ্টি ও বৈজ্ঞানিক আবিষ্কার-এর মধ্যে যে ঐক্য বর্তমান, ‘বিজ্ঞানে সাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘মেঘদূত’ প্রবন্ধটি, কালিদাসের কাব্যের নবভাষ্য — আলোচনা করো।

DSE-1B

(উপন্যাস)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘ফুলমণি ও করুণার বিবরণ’, ‘আলালের ঘরের দুলাল’, ‘হতোম প্যাঁচার নক্সা’ — গ্রন্থগুলির লেখক ও প্রকাশকাল উল্লেখ করো।
- (খ) প্রকাশকালসহ রমেশচন্দ্র দত্তের তিনটি ইতিহাসাশ্রয়ী উপন্যাসের নাম লেখো।
- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসটির প্রকাশকাল ও অধ্যায় সংখ্যা উল্লেখ করো। উপন্যাসের নায়ক কোথাকার জমিদার ছিলেন ?
- (ঘ) “তোমার ছেলেকে আশীর্বাদ করি, সে যেন দীর্ঘজীবী হয়, নীরোগ হয়, মানুষ হয়।” — কে, কাকে একথা, কোথায় বলেছে ?
- (ঙ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসটি কবে, কোথায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ? উপন্যাসটি গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয় ?
- (চ) জমিদার কৃষ্ণকান্ত তাঁর সম্পত্তির উইল কতবার পরিবর্তন করেছিলেন ? কে, কার পরামর্শে এই উইল চুরি করতে এসেছিল ?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা উপন্যাসের কায়া নির্মাণে প্যারীচাঁদ মিত্রের অবদান উল্লেখ করো।
- (খ) বঙ্কিম সমকালীন যে-কোনো একজন উপন্যাসিকের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাস অবলম্বনে যে-কোনো দুটি অপ্রধান চরিত্রের পরিচয় দাও।
- (ঙ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে বারুণী পুষ্করণীর গুরুত্ব আলোচনা করো।
- (চ) “পাপ না করিয়াও যদি এই দুঃখ, তবে পাপ করিলেই বা ইহার বেশী কি হইবে ?” — এই অংশে বক্তার মনোভাব পরিস্ফুট করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা উপন্যাসের উৎকর্ষ বিধানে ‘কল্লোল’ গোষ্ঠীর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাস অবলম্বনে গোবিন্দলাল চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) রোহিণী ও ভ্রমর চরিত্রের তুলনামূলক আলোচনা করে — তাদের মধ্যে কাকে তুমি নায়িকা বলে মনে করো, সে সম্পর্কে তোমার যুক্তি দাও।
- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসে তদানিস্তন সমাজব্যবস্থার পরিচয় দাও।

—x—